তারিখ 04 AUG 2016
পৃষ্ঠা ... ... ... কলাম ... ...

কালের কণ্ঠ

# অস্তিত্ব সংকটে ঢাকার ৫১ প্রাইমারি স্কুল

## হাঁকডাকেই সীমাবদ্ধ জমি-ভবন দখলমুক্ত করার উদ্যোগ

আজিজুল পারভেজ ▷

মোহাম্মদপুর টাউন হলসংলগ্ন জাকির হোসেন রোডের বিহারি ক্যাম্পের পাশে শাহীন সরকারি প্রাথমিক বিদ্যালয়। ৩৬ শতাংশ জমির ৬ শতাংশের ওপর বিদ্যালয়ের চারতলা ভবন। এখন এই ৬ শতাংশের ভবন ছাড়া আর কোনো জমি বিদ্যালয়ের দখলে নেই। প্রভাবশালীরা বিদ্যালয়ের তিন দিকই দখল করে তিনতলাবিশিষ্ট তিনটি পাকা দালান উঠিয়ে ভাড়া দিয়েছে। বিদ্যালয়ের সামনের সড়কে সিটি করপোরেশনের ময়লার ভাগাড়। এর ওপর দিয়েই ক্লাসে যাচ্ছে শিক্ষার্থীরা।

রাজধানীর পুরান ঢাকার বংশাল রোডের ৫.৫৮ শতাংশ জমিতে এফকেএম সরকারি (বালিকা) প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয় ১৯৪০ সালে। এর ৪০ বছর পর আশির দশকের শুরুতে নির্মিত হয় চারতলা ভবন। এই ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলায় যাত্রা করে বংশাল উচ্চ বালিকা বিদ্যালয়। এরপর এই উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রাথমিক বিদ্যালয়ের শাখাও খোলা হয়। একপর্যায়ে বিদ্যালয় ভবনে শুরু হয় বাণিজ্যিক কার্যক্রম। চারতলার স্কুল ভবনকে কমিউনিটি হল হিসেবে ভাড়া দেওয়া শুরু হয়। বিদ্যালয় প্রাঙ্গণে বসে রান্না করার চুলা। চারদিকে গড়ে ওঠে পাকা ভবন। রাস্তার পাশে ভবনটিতে দোকান তৈরি করে ভাড়া দেওয়া হয়। এখন বিদ্যালয়টিতে জাতীয়

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬




বংশালের এমকেএম সরকারি প্রাথমিক বালিকা বিদ্যালয়ের জায়গায় গড়ে তোলা হয়েছে 'বংশাল উচ্চ বালিকা বিদ্যালয়'। আছে ব্যবসাপ্রতিষ্ঠানও। মূল স্কুলটি পড়েছে অস্তিত্ব সংকটে।
ছবি : কালের কণ্ঠ